

আত-তুর | At-Tur | الطُّور

আয়াতঃ ৫২ : ১২

আরবি মূল আয়াত:

الَّذِينَ هُمْ فِي خَوْضٍ يَلْعَبُونَ ﴿١٢﴾

অনুবাদসমূহ:

যারা খেল-তামাশায় মত্ত থাকে। — আল-বায়ান

যারা নিরর্থক কথার খেলায় মগ্ন আছে। — তাইসিরুল

যারা ক্রীড়াচ্ছলে অসার কার্যকলাপে লিপ্ত থাকে। — মুজিবুর রহমান

Who are in [empty] discourse amusing themselves. — Sahih International

১২. যারা খেলার ছলে অসার কাজকর্মে লিপ্ত থাকে। (১)

(১) অর্থাৎ তারা নবীর কাছে কিয়ামত, আখেরাত, জান্নাত ও জাহান্নামের কথা শুনে সেগুলোকে হাসির খোরাক বানাচ্ছে এবং এ বিষয়ে সুস্থ মস্তিষ্কে গভীরভাবে চিন্তা করার পরিবর্তে কেবল বিদ্রুপাত্মক মন্তব্য করছে। আখেরাত নিয়ে তাদের বিতর্কের উদ্দেশ্য এর তাৎপর্য বুঝার প্রচেষ্টা নয়, বরং তা একটি খেলা যা দিয়ে তারা মনোরঞ্জন করে থাকে। কিন্তু এটা তাদের কোন পরিণতির দিকে নিয়ে যাচ্ছে সে ব্যাপারে আদৌ কোন উপলব্ধি নেই।
[কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১২) যারা ক্রীড়াচ্ছলে অসার কার্যকলাপে লিপ্ত থাকে। [1]

[1] অর্থাৎ, যারা নিজেদের কুফরী ও বাতিল কর্মকাণ্ডেই মগ্ন এবং সত্যকে মিথ্যা জ্ঞান ও ঠাট্টা-বিদ্রুপ করার কাজে ব্যস্ত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4747>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন